অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

কর্মজীবী কেয়ারগিভারদের সহায়তা করার জন্য গভর্নর হোকলের উদ্যোগ গ্রহণের ঘোষণা

স্টেটের কর্মচারীদেরকে ওয়ার্কিং কেয়ারগিভার ইনিশিয়েটিভে যোগদান করার জন্য; অবৈতনিক কেয়ারগিভারদের সহায়তা করার জন্য লভ্য সংস্থানসমূহ অন্বেষণ করার জন্য সনির্বন্ধ অনুরোধ জানানো হয়েছে

নভেম্বরে জাতীয় পারিবারিক কেয়ারগিভার মাস উদযাপনের সময়ে এই উদ্যোগ চালু করা হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ অবৈতনিক কর্মজীবী কেয়ারগিভারদের সচেতনতা বৃদ্ধি করা এবং তাদেরকে সাহায্য করার জন্য স্টেটব্যাপী লভ্য সংস্থানসমূহ বৃদ্ধি করার জন্য একটি উদ্যোগ গ্রহণের ঘোষণা দিয়েছেন। নভেম্বর জুড়ে জাতীয় পারিবারিক কেয়ারগিভার মাস উদযাপনের স্বীকৃতিস্বরূপ এবং কর্মজীবী কেয়ারগিভারদের সম্মুখীন হওয়া সমস্যাগুলো আরো ভালোভাবে অনুধাবন করার জন্য, গভর্নর হোকল স্টেটের কর্মচারীদেরকে তাদের নিজেদের কর্মসংস্থানের পাশপাশি কেয়ারগিভার হিসেবে দায়িত্ব পালনের মধ্যে ভারসাম্য রক্ষা করার ব্যাপারে তাদের অভিজ্ঞতা সম্পর্কে একটি জরিপ সম্পন্ন করতে সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন এবং বেসরকারি কর্মচারীদেরকেও একই কাজ করতে উৎসাহিত করেছেন।

"আমাদের দীর্ঘমেয়াদী সেবার কর্মীদল সম্প্রাসরণের জন্য ঐতিহাসিক বিনিয়োগ করার পাশাপাশি, প্রিয়জনদের সেবা করার জন্য ইতোমধ্যে নিজেদের সময় ও শক্তি নিয়োজিত রেখেছেন এমন চার মিলিয়নেরও বেশি অবৈতনিক কেয়ারগিভারকে সহায়তা করার জন্য অবদান রাখতে পেরে আমি উচ্ছসিত," **বলেছেন গভর্নর হোকল।** "এই কাজকে মূল্যবান ও অত্যন্ত গুরুত্বপূর্ণ সেবাদান হিসেবে যথার্থ স্বীকৃতি প্রদান করার মাধ্যমে, এসব ব্যক্তি তাদের সুনির্দিষ্ট চাহিদা পূরণের জন্য অসংখ্য স্টেট ও স্থানীয় পর্যায়ের সংস্থানসমূহ ও সহায়তার সঙ্গে আরো ভালোভাবে যুক্ত হতে পারবেন।"

কর্মজীবী কেয়ারগিভারদেরকে যে অনন্য মানসিক চাপের সম্মুখীন হতে হয় তার স্বীকৃতি প্রদান করে, স্টেটের অফিস ফর দ্য এজিং (Office for the Aging) এবং স্টেটের শ্রম বিভাগ (Department of Labor) স্টেটের কর্মচারীদের উপর জরিপ পরিচালনা করতে এবং কর্মস্থলের উপর কেয়ারগিভিং-এর প্রভাব সম্পর্কে অন্তর্দৃষ্টি অর্জন করার জন্য একটি প্রকল্প চালু

করেছে। এছাড়াওএই উদ্যোগ *কর্মস্থলে কেয়ারগিভার*নামক 32 পৃষ্ঠার একটি নির্দেশিকার প্রচারণা চালাচ্ছে যেটি নিয়োগকারীদেরকে কর্মজীবী কেয়ারগিভারদের সহায়তা করার জন্য তথ্য প্রদান করে।

নিউ ইয়র্ক স্টেটে চার মিলিয়নেরও বেশি অবৈতনিক কেয়ারগিভার রয়েছে। এরা হলেন পরিবারের সদস্য, বন্ধু-বান্ধব বা প্রতিবেশী যারা অর্থের বিনিময় ছাড়া অন্য কাউকে, যেমন স্বামী/স্ত্রী, বয়স্ক বাবা বা মা, সন্তান, অথবা দীর্ঘস্থায়ী বা অন্য মেডিকেল অসুস্থতায় আক্রান্ত ব্যক্তিকে সেবা ও সহায়তা প্রদান করছেন।

অবৈতনিক কেয়ারগিভাররা প্রিয়জনদের জন্য বেশ কিছু কাজ সম্পাদন করেন, যেমন মেডিকেল অ্যাপয়েন্টমেন্টের জন্য তাদের সঙ্গে যাওয়া, গোসল করা ও পোশাক পরার ক্ষেত্রে সহায়তা করা, কেনাকাটার ক্ষেত্রে সহায়তা ও আহার প্রস্তুতকরণ, পরিবহন, বিল পরিশোধ করা, ঘরোয়া কাজকর্ম যেমন লন পরিষ্কার করা অথবা বরফ সরানো, ইত্যাদি। কিন্তু এই দায়িত্ব পালনকারী ব্যক্তিদের মধ্যে 50 শতাংশেরও বেশি নিজেদেরকে কেয়ারগিভার হিসেবে পরিচয় দেন না।

কেয়ারগিভাররা নিউ ইয়র্কের দীর্ঘমেয়াদী সেবা ব্যবস্থায় পরিমাপযোগ্য উপায়ে অবদান রেখে চলেছেন। AARP অনুমান করছে যে অবৈতনিক কেয়ারগিভারদের প্রদান করা পরিষেবাগুলোর জন্য প্রতি বছর আনুমানিক 32 বিলিয়ন ডলার খরচ হতো।

দীর্ঘ-মেয়াদী সেবার কর্মীদলের উপর ঐতিহাসিক বিনিয়োগ, বয়স্কদের জন্য স্টেট ও স্থানীয় অফিসগুলোর মাধ্যমে বিশ্রাম ও সোশ্যাল অ্যাডাল্ট ডে কেয়ার পরিষেবা প্রদান, মাইলফলকস্বরূপ সবেতন পারিবারিক ছুটি (Paid Family Leave) কর্মসূচি চালু, সবেতন অসুস্থতাজনিত ছুটির আইন প্রণয়ন, এবং আরো অন্যান্য পদক্ষেপ গ্রহণের মাধ্যমে নিউ ইয়র্ক পারিবারিক কেয়ারগিভারদেরকে সহায়তা করার জন্য একটি বহুমুখী কর্মকৌশল সম্পন্ন প্রচেষ্টার নেতৃত্ব দিচ্ছে। কোনো প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তি অথবা প্রতিবন্ধী ব্যক্তির সেবায় নিয়োজিত রয়েছেন এমন ব্যক্তিরা সহায়তার প্রয়োজনে NY কানেক্টস (NY Connects) হেল্পলাইনে যোগাযোগ করতে পারেন 1-800-342-9871 নম্বরে অথবা NY কানেক্টস রিসোর্সেস ডিরেক্টরি-তে, যা নিউ ইয়র্ক স্টেটে লভ্য দীর্ঘমেয়াদী পরিষেবা ও সহায়তাসমূহ সম্পর্কে বিনামূল্যে বস্তুনিষ্ঠ তথ্য পাওয়ার জন্য একটি বিশ্বস্ত উৎস।

যুক্তরাষ্ট্রের প্রতি ছয় জন কর্মচারীর মধ্যে একজন কোনো আত্মীয় বা বন্ধুর জন্য কেয়ারগিভার হিসেবে দায়িত্ব পালন করছেন। এসব ব্যক্তি বিভিন্ন ধরনের সেবা প্রদানের কাজে প্রতি সপ্তাহে গড়ে 20 ঘণ্টারও বেশি সময় ব্যয় করেন।

একটি অনুমান অনুযায়ী, কেয়ারগিভার সম্পর্কিত বিপর্যয়, অনুপস্থিতি, এবং উৎপাদনমুখীতা হারানোর কারণে যুক্তরাষ্ট্রের ব্যবসা প্রতিষ্ঠানগুলো প্রতি বছর 33.6 বিলিয়ন ডলারের লোকসানের শিকার হয়। এর মধ্যে এমন পরিস্থিতি অন্তর্ভুক্ত রয়েছে যেখানে কেয়ারগিভারদের জন্য দেরিতে কর্মস্থলে পৌঁছানো অথবা কর্মস্থল থেকে নির্দিষ্ট সময়ের আগেই বের হয়ে যাওয়া, কর্মস্থলে থাকাকালীন সময়ে ফোন কল করা, জরুরি পরিস্থিতিতে সাড়াদান করার জন্য কর্মস্থল ত্যাগ করা,

অথবা একেবারেই কর্মস্থলে উপস্থিত হতে না পারা, ইত্যাদি ছাড়া আর কোনো বিকল্প থাকে না। এছাড়া কেয়ারগিভার হিসেবে নিজেদের দায়িত্ব পালন করতে গিয়ে কর্মচারীদেরকে পদোন্নতি গ্রহণ না করা, পূর্ণকালীন দায়িত্ব পালন থেকে খণ্ডকালীন দায়িত্ব পালনের দিকে সরে আসা অথবা একেবারে চাকরি ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করতে হয়েছে।

যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention)-এর তথ্য অনুযায়ী, একই সময়ে একজন প্রবীণ ব্যক্তি ও একজন শিশুকে সেবা প্রদান করছেন এমন ব্যক্তিদের মধ্যে 85 শতাংশের মধ্যে মানসিক স্বাস্থ্য সমস্যার লক্ষণসমূহ দেখা গেছে এবং 52 শতাংশ আত্মহত্যার ভাবনার কথা জানিয়েছেন। ন্যাশনাল অ্যালায়েন্স ফর কেয়ারগিভার (National Alliance for Caregiving) এবং AARP-এর কাছ থেকে পাওয়া অন্যান্য উপাত্ত থেকে দেখা যায় যে কর্মজীবী কেয়ারগিভারদের মধ্যে 70 শতাংশ তাদের দ্বৈত ভূমিকা পালনের কারণে কর্মসংস্থান সম্পর্কিত সমস্যার সম্মুখীন হচ্ছেন; এবং 69 শতাংশ কেয়ারগিভার নিজেদের দায়িত্বগুলো পালন করতে গিয়ে তাদের কাজের সময়সূচি পরিবর্তন করা, তাদের কর্মঘণ্টা কমিয়ে আনা, অথবা অবৈতনিক ছুটি গ্রহণ করতে বাধ্য হওয়ার কথা জানিয়েছেন।

অনুরূপ সংখ্যক ব্যক্তি - 70 শতাংশ - দুশ্চিন্তা, বিষণ্নতা, আত্মহত্যার ভাবনা, কোভিড-সংশ্লিষ্ট মানসিক আঘাত, ইত্যাদি সহ কমপক্ষে একটি মানসিক স্বাস্থ্য সমস্যার লক্ষণ দেখা দেওয়ার কথা জানিয়েছেন। অফিস ফর দ্য এজিং-এর কর্মজীবী কেয়ারগিভার ওয়েবপেইজেএই বিষয়ে আরো ডাটা পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর দ্য এজিং-এর ডিরেক্টর গ্রেগ ওলসেন বলেন, "কেয়ারগিভারদেরকে যে অনন্য মানসিক চাপ মোকাবেলা করতে হয় এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলোর উপর যে অর্থনৈতিক প্রভাব পড়ে এবং তাদের সাহায্য করতে চাওয়ার মনোভাব ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে স্টেটের অফিস ফর দ্য এজিং এবং স্টেটের শ্রম বিভাগ আমাদের ওয়ার্কিং কেয়ারগিভার ইনিশিয়েটিভ চালু করেছে। প্রকৃতপক্ষে, 90 শতাংশেরও বেশি মানব সম্পদ বিভাগ কর্মজীবী কেয়ারগিভারদেরকে সহায়তা করার জন্য আরো কিছু করতে চায় কিন্তু কী করা যায় সে ব্যাপারে নিশ্চিত নয়, এবং 75 শতাংশ মানুষ তাদের নিয়োগকর্তার প্রতি আস্থা রাখেন এবং তাদের নিয়োগকর্তার প্রদান করা তথ্যকে ব্যবহার করার সম্ভাবনাই বেশি। এছাড়াও আমরা জানি যে 55 শতাংশ কেয়ারগিভার নিজেদেরকে কেয়ারগিভার হিসেবে পরিচয় দেন না, তাই আমরা যৌথভাবে এমন সংস্থান ও ভিডিও তৈরি করেছি যেগুলো এসব ব্যক্তিদের বুঝতে সাহায্য করবে যে তারা একা নন। আমাদের কর্মজীবী কেয়ারগিভার অধ্যয়ন ইতোমধ্যে নিউ ইয়র্ক স্টেটে কেয়ারগিভারদের প্রভাবসমূহের গল্প প্রকাশ করতে সাহায্য করছে, কিন্তু আরো বেশি ডাটার প্রয়োজন রয়েছে। আমরা সব ব্যবসা প্রতিষ্ঠানের প্রতি কেয়ারগিয়াভারদের নিজেদের পরিচয় চিনতে সাহায্য করা, তাদের কেয়ারগিভার হিসেবে পালন করা দায়িত্বের তীব্রতা সম্পর্কে জানা, এবং সহায়তা খুঁজে নিতে সাহায্য করার মতো টুলগুলোর পাশাপাশি এই জরিপটি তাদের কর্মচারীদের কাছে বিতরণ করার জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "অসংখ্য নিউ ইয়র্কবাসীর জন্য, নিজেদের কর্মসংস্থানের স্থান থেকে বের হওয়ার মাধ্যমে তাদের কর্মদিবস শেষ হয় না। এসব নিউ ইয়র্কবাসী বাড়িতে যাওয়ার পরে কোনো বেতন ছাড়াই তাদের

প্রিয়জনদের সেবা প্রদান করতে থাকেন। ঘরোয়া কাজকর্মের চাপ কেয়ারগিভারদের উপর একটি তীব্র শারীরিক ও মানসিক প্রভাব ফেলে। এই জরিপ আমাদের কর্মীদলের এসব অপরিহার্য সদস্যকে সহায়তা করার জন্য বাস্তব সমাধান খুঁজে বের করা ও বাস্তবায়ন করার ব্যাপারে গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতার অংশ।"

নিউ ইয়র্ক স্টেটের কর্মজীবী কেয়ারগিভার জরিপের প্রাথমিক উপাত্ত অনুযায়ী, নিউ ইয়র্কের বহু কর্মচারী কোনো প্রবীণ ব্যক্তি, শিশু, অথবা প্রতিবন্ধী কোনো ব্যক্তিকে প্রতিদিন সহায়তা প্রদান করছেন। প্রায় 54 শতাংশ কর্মচারী একজন ব্যক্তিকে সেবা প্রদান করছেন; 28 শতাংশ দুইজন ব্যক্তিকে সেবা প্রদান করছেন; 8 শতাংশ তিনজন ব্যক্তিকে সেবা প্রদান করছেন; এবং 11 শতাংশ চারজন বা তারবেশি সংখ্যক ব্যক্তিকে সেবা প্রদান করছেন।

এসব প্রাথমিক ফলাফল থেকে আরো দেখা যায় যে 32 শতাংশ কর্মচারী প্রতি সপ্তাহে 22 ঘণ্টা বা তারবেশি সময় সহায়তা প্রদান করছেন; 16 শতাংশ কর্মচারী প্রতি সপ্তাহে 15 ঘণ্টা থেকে 21 ঘণ্টা সময় সহায়তা করছেন; 27 শতাংশ কর্মচারী প্রতি সপ্তাহে আট ঘণ্টা থেকে 14 ঘণ্টা সহায়তা করছেন; এবং 26 শতাংশ কর্মচারী প্রতি সপ্তাহে সাত ঘণ্টা পর্যন্ত সহায়তা প্রদান করছেন।

এই ওয়ার্কিং কেয়ারগিভার ইনিশিয়েটিভ-এ অংশগ্রহণ করার জন্য নিয়োগকর্তাদেরকে নিম্নলিখিতগুলো শেয়ার করার জন্য সনির্বন্ধ অনুরোধ জানানো হচ্ছে:

- *কর্মস্থলে কেয়ারগিভার* নামক নির্দেশিকাটি অংশীদার সংস্থা, সরকারি ও বেসরকারি নিয়োগকর্তাদের সাথে
- নতুন প্রকাশিত কেয়ারগিভার নির্দেশিকা ভিডিও যা লোকজনকে নিজেদের কেয়ারগিভার হিসেবে শনাক্ত করার ক্ষেত্রে সাহায্য করবে এবং তাদেরকে সহায়তা ও অন্যান্য সংস্থান গ্রহণ করার ব্যাপারে নির্দেশনা প্রদান করবে।
- কর্মজীবী কেয়ারগিভার জরিপটি সহকর্মী, বন্ধু-বান্ধব, পরিবার ও কর্মচারীদের সঙ্গে।
- কেয়ারগিভার ইনটেনসিটি ইনডেক্স কর্মজীবী এবং কর্মজীবী নন এমন সব কেয়ারগিভারের সঙ্গে।
- প্রমাণ-ভিত্তিক কেয়ারগিভার শিক্ষা ও প্রশিক্ষণ পোর্টাল, যেটি ট্রুয়াল্টা (Trualta) এবং স্টেটের অফিস ফর দ্য এজিং এর মধ্যকার একটি অংশীদারিত্বের মাধ্যমে নিউ ইয়র্কের যেকোনো কেয়ারগিভারের জন্য বিনামূল্যে লভ্য রয়েছে।
- লোকজনকে জিপ কোড বা পরিষেবার নাম ব্যবহার করে স্থানীয় পরিষেবা অনুসন্ধান করতে সাহায্য করার জন্য NY কানেক্টস স্টেটওয়াইড রিসোর্স ডিরেক্টরি।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418